FRIENDSHIP FOREVER

গোপালগঞ্জ এক্স -মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন (GEMSSA)

এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন

গঠনতন্ত্র

ভূমিকা ঃ সরকারি বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় কলেজের বর্তমান অবস্থানে সেন্ট রেভারেন্ড মথুরানাথ বসু ১৮৭৫ সালে একটি পাঠশালা স্থাপন করেন। ১৯০০ সালে এটি মিশন হাইস্কুলে উন্নীত হয়। ১৯০৪ সালে স্কুলের নামকরণ হয় গোপালগঞ্জ মথুরনাথ ইনসটিটিউশন (Mathura Nath Institution)। এস. এম. মডেল গভঃ হাইস্কুলের বর্তমান অবস্থানে ১৯১৪ সালে সীতানাথ বাবু এস. এন. একাডেমী অর্থাৎ সীতানাথ একাডেমী (পাবলিক স্কুল) প্রতিষ্ঠা করেন। ১৯৫০ সালে মথুরনাথ ইনসটিটিউশনের জায়গায় কায়েদে আজম মেমোরিয়াল কলেজ (বর্তমান সরকারি বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় কলেজ) প্রতিষ্ঠাকালে স্কুলটির স্থানান্তরের প্রয়োজন হলে তৎকালীন প্রশাসনের সিদ্ধান্তে সীতানাথ একাডেমীর বর্তমান অবস্থানে সকল সরঞ্জামাদিসহ স্কুলটিকে স্থানান্তর করে। দু'টি প্রতিষ্ঠানকে একীভূত করে মিশন স্কুলের মথুরনাথ বাবুর নামটি এ স্কুলের নামের সঙ্গে যুক্ত হয়ে স্কুলের নামকরণ হয় সীতানাথ মথুরনাথ উচ্চ বিদ্যালয় যার বর্তমান নাম এস. এম. মডেল গভঃ হাইস্কুল। বিদ্যালয়টি ১৯৭০ সালের ০১ ফেব্রুয়ারি জাতীয়করণ করা হয়। স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই স্বনামধন্য বিদ্যালয়ে অধ্যয়ণ করেছিলেন।

ধারা-১ ঃ সংগঠনের ঠিকানা ঃ

অস্থায়ী কার্যালয় ঃ শেখ মনি স্টেডিয়াম, গোপালগঞ্জ, গোপালগঞ্জ - ৮১০০। কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে সংগঠনের কার্যালয় গোপালগঞ্জ শহরের যে কোন স্থানে স্থানান্তরিত করা যাবে। সংগঠনের কার্যালয় স্থানান্তরিত হলে ০১ (এক) সপ্তাহের মধ্যে নিবন্ধীকরণ কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

ধারা-২ ঃ সংগঠনের নাম ঃ

Sensitivity: Internal

ধারা-৩ ঃ সংগঠনের কার্য এলাকা ঃ

গোপালগঞ্জ জেলা। পরবর্তীতে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাপী কার্যক্রম সম্প্রসারণ করা যাবে।

ধারা-৪ ঃ সংগঠনের ধরণ ঃ

এটি একটি সম্পূর্ণ অরাজনৈতিক, অলাভজনক, স্বেচছাসেবী কল্যাণমূলক প্রতিষ্ঠান। এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন কার্যক্রমের সমম্বয়ে সমাজকল্যাণমূলক ও মানবহিতৈষী কার্যক্রম পরিচালনা করা।

ধারা-৫ ঃ সংগঠনের বিস্❹ারিত লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্❹বায়ন করা হবে ঃ

ক। এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর সকল প্রাক্তন শিক্ষার্থীদের মাঝে সৌহার্দ্য ও ভ্রাতৃত্বের বন্ধন সৃষ্টি করা।

খ । এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর গৌরব ও ঐতিহ্য সমুন্নত রাখার চেষ্টা করা এবং স্কুলের সার্বিক উন্নয়ন কার্যক্রমকে অগ্রাধিকার দেয়া।

গ। এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থী ও তাদের পোষ্যদের সর্বোচ্চ অধিকার নিশ্চিত করার চেষ্টা করা।

ঘ । এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থী ও তাদের পোষ্যদের কর্মসংস্থানের জন্য সহযোগিতা করা।

ঙ । যে কোন প্রয়োজনে প্রাক্তন শিক্ষার্থীদের সর্বোচ্চ সহযোগিতা করা।

চ । সংগঠনের ভবিষ্যত কর্মকান্ডের লক্ষ্যে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রক্ষা করা ও সহযোগিতা প্রদান করা।

ছ। এস, এম, মডেল গভঃ হাই স্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠনের সকল সদস্যের তথ্য সম্বন্ধে রেকর্ড প্রস্তুত করা ও তা যথাযথ সংরক্ষণের ব্যবস্থা করা।

জ । সংগঠনের সর্বোচ্চ ক্ষমতা দিয়ে শিক্ষাসহ সামাজিক উন্নয়ন কার্যক্রম, বনভোজন, পুনর্মিলনী, সাংস্কৃতিক কার্যক্রমের ব্যবস্থা করা।

ঝ। এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে নিবিড় যোগাযোগ রক্ষা করা।

ঞ। প্রাকৃতিক দুর্যোগ কিংবা দেশের যে কোন প্রয়োজনে, যে কোন সময়ে সর্বোচ্চ দক্ষতা দিয়ে স্বেচ্ছাশ্রম কার্যক্রমে অংশগ্রহণ করা।

ট। প্রতিবন্ধীদের শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের ক্ষেত্রে সহায়তা প্রদান।

ঠ। মেধাবী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা প্রদান, অসচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তিপ্রদান এবং শিক্ষা উপকরণ সরবরাহ করা।

ড। বয়স্ক, শারীরিকভাবে অক্ষম এবং মানসিক প্রতিবন্ধীদের জন্য পুনর্বাসন কেন্দ্র ও শিশু কেন্দ্র স্থাপন করা।

ঢ। কার্যক্রমের সুবিধার্থে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে কার্যক্রম পরিচালনা করা। সরকারি ও বেসরকারি সকল সংস্থার সাথে উন্নয়নমূলক কার্যক্রমে সম্পর্ক স্থাপন করা; গবেষণা, সভা, প্রশিক্ষণ, কর্মশালা, উন্নয়ন বিষয়ক সেমিনার ও সিম্পোজিয়াম অনুষ্ঠানের আয়োজন করা।

Sensitivity: Internal

ণ। এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর ব্যবস্থপনা পর্ষদের সাথে সমন্বয় এর মাধ্যমে স্কুল এর প্রতিষ্ঠা বার্ষিকী যথাশীঘ্র পালনের ব্যবস্থা করা।
ত। পরবর্তীতে অনড়ত প্রতি ৫ বছর পরপর স্কুল এর প্রতিষ্ঠা বার্ষিকী ও ১৫০তম প্রতিষ্ঠা বার্ষিকী পালনের ব্যবস্থা করা।

ধারা-৬ ঃ সদস্যপদ ঃ

ক। সদস্য পদের যোগ্যতা ঃ

শর্ত ঃ নিম্নবর্ণিত শর্তে এ সংগঠনের সদস্য হওয়া যাবে ঃ

(১) আজীবন সদস্য ঃ তাকে এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে এস এস সি পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে ।

(২) সম্মানসূচক সদস্য ঃ

(ক) যিনি এস. এম. মডেল গভঃ প্রাইমারি ও হাইস্কুল, গোপালগঞ্জ এ কমপক্ষে ৩ (তিন) বছর অধ্যয়ন করেছে যার মধ্যে হাই স্কুলে কমপক্ষে ১ (এক) বছর অধ্যয়ন করেছে; বা
(খ) যিনি এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এ কমপক্ষে ২ (দুই) বছর অধ্যয়ন করেছে ।
(গ) উভয় ক্ষেত্রেই তাকে অন্য যে কোন প্রতিষ্ঠান থেকে এস এস সি বা সমমান পরীrায় অংশ নিয়ে অবশ্যই কৃতকার্য হতে হবে ।

(৩) বিশেষ সদস্য ঃ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর সকল প্রাক্তন/বর্তমান শিক্ষক।

(৪) দাতা সদস্য ঃ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর সকল প্রাক্তন শিক্ষার্থী ও গোপালগঞ্জ জেলার সকল অধিবাসী।
বি:দ্র : আজীবন সদস্যপদের যোগ্যতাসম্পন্ন দাতা সদস্য আজীবন সদস্যের সকল সুবিধার যোগ্য হবেন।

খ। সদস্য ভর্তির নিয়মাবলী

(১) সংগঠন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণ করে নির্ধাতিত ভর্তি ফি বা পরবর্তিতে পুন:নির্ধারিত ভর্তি ফিসহ কার্যনির্বাহী পরিষদ বরাবরে জমা দিতে হবে। ফির পরিমান:

(ক) আজীবন/ বিশেষ সদস্য এককালিন **২০০০/- (দুই হাজার টাকা**

(খ) সম্মানসূচক সদস্য এককালিন **৫০০০/- (পাঁচ হাজার টাকা**

(গ) দাতা সদস্য এককালিন সর্বনিম্ন **৫০০০০/-(পঞ্চাশ হাজার টাকা**

(২) কার্যনির্বাহী পরিষদের সভায় যোগ্যতা অনুযায়ী সদস্যপদের আবেদনপত্র মঞ্জুর করা হবে।
(৩) ভর্তি ফি নগদ বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার/টিটি/ডিডি/পে-অর্ডার আকারে সংগঠনের ব্যাংক হিসাবে পরিশোধ করতে হবে।

ধারা-৭ ঃ সদস্যপদ বাতিলের নিয়মাবলী ঃ

Sensitivity: Internal

নিম্নলিখিত কারণে একজন সদস্যের সদস্যপদ বাতিল হতে পারে ঃ-

ক । স্বেচছায় পদত্যাগ করলে।
খ । পাগল কিংবা দেউলিয়া সাব্যস্থ হলে।
গ । গঠনতন্ত্রের পরিপন্থী কোন কার্যকলাপে লিপ্ত হলে।
ঘ। রাষ্ট্র বা সমাজ বিরোধী কোন কাজে অংশগ্রহণ করলে।
ঙ। সংগঠন থেকে বেতন, ভাতা, সম্মানী বা কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহণ করলে।
চ। মৃত্যুবরণ করলে।

ধারা-৮ ঃ সদস্যপদ পুনঃলাভের পদ্ধতি ঃ

সদস্যপদ হারানোর পর উপযুক্ত জবাব লিখিতভাবে সভাপতি/সাধারণ সম্পাদক এর কাছে পেশ করতে হবে। সভাপতি/সাধারণ সম্পাদক ঐ জবাব কার্যনির্বাহী পরিষদের সভায় পেশ করবেন। সভায় ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্য তা অনুমোদন করলে পুনরায় সদস্যপদ লাভ করা যাবে।

ধারা- ৯ ঃ সাংগঠনিক কাঠামো ঃ

সংগঠনের ব্যবস্থাপনার জন্য সাংগঠনিক কাঠামো হবে ৩ টি-যথা ঃ
ক । সাধারণ পরিষদ।
খ । কার্যনির্বাহী পরিষদ।
গ । উপদেষ্টা পরিষদ।

৯.১। সাধারণ পরিষদঃ
সাধারণ পরিষদ বলতে এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন এর শুধুমাত্র আজীবন সদস্যদের সমন্বয়ে এ পরিষদ গঠিত হবে। এ পরিষদের সদস্য সংখ্যার কোন উর্দ্ধসীমা থাকবে না।

৯.২। কার্যনির্বাহী পরিষদঃ
সাধারণ পরিষদ কর্তৃক ভোটের মাধ্যমে অথবা দ্বি-বার্ষিক সাধারণ সভা/নির্বাচনী সভায় উপস্থিত সদস্যদের প্রস্ত্মাবনা ও সমর্থনে/সর্বসম্মতিক্রমে আজীবন সদস্যদের সমন্বয়ে কার্যনির্বাহী পরিষদ গঠন করা হবে। এ পরিষদের মেয়াদ হবে ০২ (দুই) বছর। এ পরিষদের সদস্য সংখ্যা হবে নিম্নোক্ত পদবিন্যাস অনুযায়ী ৩৫ (পঁয়ত্রিশ) জন ঃ

(ক)	সভাপতি	১ জন
(খ)	সহ-সভাপতি	৬ জন
(গ)	সাধারণ সম্পাদক	১ জন
(ঘ)	যুগ্ম-সম্পাদক	২ জন
(ঙ)	সাংগঠনিক সম্পাদক	১ জন
(চ)	সহ-সাংগঠনিক সম্পাদক	১ জন
(ছ)	কোষাধ্যক্ষ	১ জন
(জ)	দপ্তর সম্পাদক	১ জন

Sensitivity: Internal

(ঝ)	ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক	১ জন
(ঞ)	প্রকাশনা সম্পাদক	১ জন
(ট)	সমাজকল্যাণ সম্পাদক	১ জন
(ঠ)	নির্বাহী সদস্য	১৮ জন
	সর্বমোট	৩৫ জন

কার্যনির্বাহী পরিষদ বিশেষ প্রয়োজনে/ বিশেষ কার্যসম্পাদনে আজীবন, সম্মানসূচক, বিশেষ ও দাতা সদস্যদের মধ্য হতে সর্বোচ্চ ০৪ (চার) জন কো-অপটেড সদস্যদের নিয়োগ দিতে পারবে। কার্যনির্বাহী পরিষদের অনুরোধে তারা যে কোন সভায় উপস্থিত থাকতে পারবেন। কার্যনির্বাহী পরিষদের সভায় কো-অপটেড সদস্যদের ভোটাধিকার থাকবে না।

৯. ৩। প্রধান উপদেষ্টাঃ সাধারণ পরিষদ সংগঠনের সকল কার্যক্রম, লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদানে সহায়তা করার জন্য এস. এম. মডেল গভঃ হাইস্কুলের প্রাক্তন ছাত্রদের মধ্য হতে ০১ (এক) জন স্বনামধন্য বিশিষ্ট সমাজকর্মী ও গণ্যমান্য ব্যক্তিকে প্রধান উপদেষ্টা নিয়োগ দিবেন। এছাড়া সাধারণ পরিষদ সংগঠনের প্রয়োজনে প্রধান উপদেষ্টার হাতে বিশেষ ক্ষমতা/দায়িত্ব অর্পন করাতে পারবেন। প্রধান উপদেষ্টা হিসাবে কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদের বেশী উক্ত পদে মনোনিত হতে পারবে না। তিনি যে কোন সভায় উপস্থিত থাকতে পারবেন এবং তার ভোটাধিকার থাকবে। প্রধান উপদেষ্টা মনোনয়নের ক্ষেত্রে শর্তাবলী/যোগ্যতা:

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ এক্স - মডেল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।
(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ণ করতে হবে ।
(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ৩০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৯. ৪। উপদেষ্টা পরিষদঃ
কার্যনির্বাহী পরিষদ তাদের পরামর্শ প্রদানের মাধ্যমে সহায়তা করার জন্য একটি উপদেষ্টা পরিষদ গঠন করবে, যার মেয়াদ হবে ০২ (দুই) বছর। এস. এম. মডেল গভঃ হাইস্কুলের প্রাক্তন ছাত্রদের মধ্য হতে (আজীবন, সম্মানসূচক, বিশেষ ও দাতা সদস্যদের মধ্য হতে) স্বনামধন্য বিশিষ্ট সমাজকর্মী ও গণ্যমান্য ব্যক্তির সমন্বয়ে এ পরিষদ গঠিত হবে। এ পরিষদের সদস্য থাকবে ন্যূনতম ০৫ (পাঁচ) জন (অনধিক ১০ জন)। কার্যনির্বাহী পরিষদের অনুরোধে তারা যে কোন সভায় উপস্থিত থাকতে পারবেন। কার্যনির্বাহী পরিষদের সভায় তাদের ভোটাধিকার থাকবে না।এছাড়া এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর দায়িত্বরত প্রধান শিক্ষক পদাধিকারবলে উপদেষ্টা পরিষদের সদস্য থাকবেন।

ধারা-১০ ঃ কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে শর্তাবলী/ নির্বাচনের যোগ্যতা ঃ

১. সভাপতিঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ এক্স - মডেল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।
(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ণ করতে হবে ।

Sensitivity: Internal

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ৩০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. সহ-সভাপতি ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ এক্স - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।
(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।
(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ২৫ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৩. সাধারণ সম্পাদক ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গাপালগঞ্জ **এক্স** - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।
(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।
(গ) এস, এম, মডেল গভঃ হাই স্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ২০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৪. যুগ্ম-সম্পাদক ঃ
(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গাপালগঞ্জ **এক্স** - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।
(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।
(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ১৫ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৫. সাংগঠনিক সম্পাদক **ঃ**

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ এক্স - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।
(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস, এম, মডেল গভঃ হাই স্কুল, গোপালগঞ্জ ঐ অধ্যয়ন করতে হবে ।
(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ১০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
(ঙ) তার কার্য মেয়াদকালীন সময়ে কমপক্ষে ৬ মাস গোপালগঞ্জে বসবাসরত হতে হবে।

৬. সহ-সাংগঠনিক সম্পাদক

Sensitivity: Internal

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গাপালগঞ্জ **এক্স** - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ৫ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।

(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৭. কোষাধ্যক্ষ ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ **এক্স** - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ১৫ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।

(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(ঙ) তার কার্য মেয়াদকালীন সময়ে কমপক্ষে ১ মাস গোপালগঞ্জে বসবাসরত হতে হবে।

৮. দপ্তর সম্পাদক **ঃ**

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ **এক্স** - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ১০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।

(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(ঙ) গোপালগঞ্জে স্থায়ী বসবাসরত হতে হবে ।

৯. ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ এক্স - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ১০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।

(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(ঙ) তার কার্য মেয়াদকালীন সময়ে কমপক্ষে ২ মাস গোপালগঞ্জে বসবাসরত হতে হবে।

১০. প্রকাশনা সম্পাদক ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ **এক্স** - মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ ঐ অধ্যয়ন করতে হবে ।

Sensitivity: Internal

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে **১০** বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
(ঙ) তার কার্য মেয়াদকালীন সময়ে কমপক্ষে ২ মাস গোপালগঞ্জে বসবাসরত হতে হবে।

১১. সমাজকল্যাণ সম্পাদক ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ **এক্স-** মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ ঐ অধ্যয়ন করতে হবে ।

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে ১০ বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।
(ঘ) বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
(ঙ) তার কার্য মেয়াদকালীন সময়ে কমপক্ষে ৩ মাস গোপালগঞ্জে বসবাসরত হতে হবে।

১২. নির্বাহী সদস্য ঃ

(ক) অবশ্যই এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন গোপালগঞ্জ **এক্স -** মডেল স্কুল স্টুডেন্টস এসোসিয়েশন এর আজীবন সদস্য সদস্য হতে হবে।

(খ) কমপক্ষে দুই শিক্ষাবর্ষ এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জে অধ্যয়ন করতে হবে ।

(গ) এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ থেকে কমপক্ষে **২** বছর আগে বোর্ড পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হতে হবে।

(ঘ) সর্বোচচ ২ (দুই জন) নির্বাহী সদস্য প্রবাসে বসবাসরত হতে পরবে। অন্য সবাইকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(ঙ) কমপক্ষে ২ (দুই) জন নির্বাহী সদস্য গোপালগঞ্জে বসবাসরত হতে হবে।

ধারা-**১১** ঃ সাধারণ পরিষদের ক্ষমতা-দায়িত্ব ঃ

(ক) সংগঠনের সকল কার্যাবলী নিয়ন্ত্রণ করবে।
(খ) সংগঠনের বার্ষিক বাজেট অনুমোদন করবে।
(গ) সংগঠনের নিরীক্ষিত হিসাব অনুমোদন করবে।
(ঘ) সংগঠনের গঠনতন্ত্রের রক্ষক হিসেবে কাজ করবে।
(ঙ) সংগঠনের গঠনতন্ত্রের কোন প্রকার সংশোধনের প্রয়োজন হলে ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যদের অনুমোদনক্রমে তা সংশোধন করবে।
(চ) সংগঠনের বিলোপ সাধনের প্রয়োজন দেখা দিলে ৩/৫ (তিন-পঞ্চমাংশ) সদস্যদের অনুমোদনক্রমে সিদ্ধান্তগ্রহণ করবে।
(ছ) সংগঠনের আর্থিক নিয়মনীতি ও চাকুরীবিধি অনুমোদন করবে।
(জ) সংগঠনের দুর্যোগ মুহূর্তে প্রয়োজনীয় সিদ্ধান্তগ্রহণ করবে এবং তা চূড়ান্ত বলে বিবেচিত হবে।
(ঝ) তলবী সভা আহ্বানপূর্বক কার্যনির্বাহী পরিষদের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে পারবে।
(ঞ) সংগঠনের কার্যনির্বাহী পরিষদ গঠন ও অনুমোদন করবে।

ধারা-**১২** ঃ কার্যনির্বাহী পরিষদের ক্ষমতা ও দায়িত্ব ঃ

(ক) সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী দৈনন্দিন কার্যাবলী পরিচালনা করা।

Sensitivity: Internal

(খ) সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত বাজেট অনুযায়ী আয় ও ব্যয় করা।

(গ) দৈনন্দিন খরচের অনুমোদন করা।

(ঘ) বাজেট প্রণয়ন এবং অনুমোদনের জন্য সাধারণ সভায় পেশ করা।

(ঙ) অনুমোদিত হিসাব নিরীক্ষা ফার্ম কর্তৃক বার্ষিক হিসাব নিরীক্ষা করা।

(চ) সংগঠনের ব্যাংক একাউন্ট পরিচালনা করা।

(ছ) সকল কার্যক্রম, লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী পরিচালনা করা।

(জ) সংগঠনের কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় জনবল নিয়োগ করা এবং নিয়োগকৃত কর্মকর্তা- কর্মচারীদের বেতন ও ভাতাদি নির্ধারণ করা।

(ঝ) সংগঠনের নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করা এবং তাদের নিয়ন্ত্রণ করা।

(ঞ) সংগঠনের জনবল নিয়োগের বিষয়ে চাকুরী বিধিমালা প্রণয়ন ও সাধারণ পরিষদের অনুমোদন গ্রহণ করা।

(ট) বিশেষ কার্য সম্পাদনে উপ-কমিটি গঠন করা।

(ঠ) সভা করার দিন, তারিখ, সময়, স্থান এবং এজেন্ডা নির্ধারণ করা।

(ড) সংগঠনের সকল হিসাব-নিকাশ, খরচের ভাউচার, বই ও ক্যাশ বই প্রস্তুত করার ব্যবস্থা করা।

(ঢ) সংগঠনের সকল প্রশাসনিক, ব্যবস্থাপনা, প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়ন করা।

(ণ) ধারা-৭ ও ৮ অনুযায়ী কোন সদস্যের সদস্যপদ বাতিল ও পুনঃলাভের ব্যবস্থাগ্রহণ করা।

ধারা-১৩ ঃ প্রশাসনিক ব্যবস্থায় কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব ও কর্তব্য ঃ

১. সভাপতি ঃ

(ক) তিনি সংগঠনের সাংবিধানিক প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) তিনি সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদ সভাসমূহে সভাপতিত্ব করবেন।

(গ) কোন সভায় সিদ্ধান্ড়গ্রহণের ক্ষেত্রে যদি সমান সংখ্যক ভোট পড়ে তবে কাস্টিং ভোট প্রদান করে সমস্যার মিমাংসা করবেন।

(ঘ) প্রতিষ্ঠানের যে কোন সদস্যকে মনোনয়ন ও খরচের অনুমোদন দিবেন।

২. সহ-সভাপতি ঃ

(ক) সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের সভাসমূহে সভাপতির অনুপস্থিতিতে সভায় উপস্থিত জ্যেষ্ঠ সহ-সভাপতি সভাপতিত্ব করবেন।

(খ) সহ-সভাপতিগণ সংগঠনের সকল কাজে সভাপতিকে সহযোগিতা করবেন।

৩. সাধারণ সম্পাদক ঃ

(ক) তিনি সংগঠনের অবৈতনিক নির্বাহী প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

(খ) সভাপতির সাথে পরামর্শক্রমে সভার তারিখ, সময়, স্থান ও আলোচ্যসূচি নির্ধারণপূর্বক সভার নোটিশ প্রদান করবেন।

(গ) সংগঠনের পক্ষে সরকারি, আধা-সরকারি অফিসসমূহে ও দাতা সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা করবেন।

(ঘ) সংগঠনের পক্ষে সকল চিঠিপত্রে ও চুক্তিপত্রে স্বাক্ষর প্রদান করবেন।

(ঙ) সংগঠনের সকল সম্পদের দেখাশুনা ও প্রয়োজনে সংশিষ্ট ব্যক্তিদের সাথে পরামর্শ করবেন।

(চ) কোষাধ্যক্ষের মাধ্যমে সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করবেন।

(ছ) বার্ষিক সাধারণ সভায় সংগঠনের কাজের প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব পেশ করবেন।

(জ) বাৎসরিক বাজেট প্রণয়ন এবং সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

(ঝ) সংগঠনের সকল কার্যক্রম পরিচালনায় তদারকি করবেন এবং কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গঠিত বিভিন্ন কমিটির কাজের তদারকি করবেন।

৪. যুগ্ম-সম্পাদক ঃ

(ক) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে প্রথম যুগ্ম-সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য পালন করবেন। প্রথম যুগ্ম-সম্পাদক অনুপস্থিত থাকলে দ্বিতীয় যুগ্ম-সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য পালন করবেন।

(খ) যুগ্ম-সম্পাদকগণ সংগঠন পরিচালনায় সাধারণ সম্পাদকের সকল কাজে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৫. সাংগঠনিক সম্পাদক ঃ

(ক এস. এম. মডেল গভঃ হাইস্কুল, গোপালগঞ্জ এর প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন এর সকল সদস্যকে সংগঠিত করবেন এবং সংগঠনের শৃঙ্খলা বিধানের দায়িত্ব পালন করবেন।

(খ) সংগঠনকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সাধারণ সম্পাদককে সহায়তা প্রদান করবেন।

৬. সহ-সাংগঠনিক সম্পাদক ঃ

Sensitivity: Internal

(ক) সাংগঠনিক সম্পাদকের অনুপস্থিতিতে সহ-সাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য পালন করবেন।
(খ) সহ-সাংগঠনিক সম্পাদক সংগঠন পরিচালনায় সাংগঠনিক সম্পাদকের সকল কাজে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৭. কোষাধ্যক্ষ ঃ

(K) msMV‡bi mKj cÖKvi Avw_©K welqK `vwqZ¡ cvjb Ki‡eb|

(L) Avq-e¨q wnmve K¨vk eB‡Z DVv‡bvi e¨e¯’v Ki‡eb|

(M) msMV‡bi LiP, we‡ji fvDPvi I m`m¨‡`i Puv`vi wnmvemn mKj cÖKvi Avw_©K wnmvecÎ msi¶‡Yi e¨e¯’v Ki‡eb|

(N) msMV‡bi gvwmK I evwl©K Avq-e¨‡qi wnmve Ges AwWU wi‡cvU© Kiv‡bvi Rb¨ mKj cÖKvi cÖ¯‘wZ wZwb MÖnY Ki‡eb|

(O) e¨vs‡K UvKv Rgv`vb Ges e¨vsK †_‡K UvKv D‡Ëvj‡bi e¨e¯’v Ki‡eb|

(P) wZwb msMV‡bi c‡¶ mKj UvKv MÖnY I cÖ`v‡bi iwk‡` ¯^v¶i w`‡q wmj cÖ`vb Ki‡eb I Bmy¨ Ki‡eb|

(Q) wZwb Kvh©wbe©vnx cwil‡`i Aby‡gv`b mv‡c‡¶ evwl©K ev‡RU I wnmve Gi AwWU wel‡q evwl©K wi‡cvU© evwl©K mvaviY mfvq Aby‡gv`‡bi Rb¨ †ck Ki‡eb|

(R) wZwb msMV‡bi dv‡Ûi `vwq‡Z¡ _vK‡eb Ges A¨vKvD›U cwiPvjbvi Rb¨ cwic,Y©© Revew`wnZv _vK‡e Zvi|

(S) Zvi `vwq‡Z¡ _vK‡e †mwfsm mvwU©wd‡KU, wd·W wW‡cvwRU iwk`, e¨vsK †PK eB I Ab¨vb¨ g~j¨evb `wjjvw`|

৮. দপ্তর সম্পাদক ঃ

(ক) সংগঠনের সকল দাপ্তরিক দায়িত্বপালন করবেন।
(খ) প্রাপ্ত চিঠি-পত্র, ই-মেইল সম্পর্কে সাধারণ সম্পাদককে অবহিত করবেন এবং পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
(গ) সংগঠনের সকল নথি, ফাইল ও রেজিস্টার সংরক্ষণ করবেন।

৯. ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ঃ

(ক) সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে তিনি সংগঠনের যাবতীয় ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক কর্মকান্ডের দায়িত্ব পালন করবেন।

Sensitivity: Internal

(খ) সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে তিনি ক্রীড়া ও সামাজিক-সাংস্কৃতিক কর্মকান্ডের সকল প্রয়োজনীয় কাজ সম্পাদন করবেন।

১০. প্রকাশনা সম্পাদক ঃ

(ক) সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে তিনি সংগঠনের যে কোন প্রকাশনা সংক্রানড় কাজের দায়িত্ব পালন করবেন।

(খ) সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে তিনি প্রকাশনা বিষয়ক সকল প্রয়োজনীয় কাজ সম্পাদন করবেন।

১১. সমাজকল্যান সম্পাদক ঃ

(ক) সংগঠন কর্তৃক গৃহীত জনকল্যাণমূলক কর্মসূচী কার্যনির্বাহী পরিষদে পরামর্শক্রমে পরিচালনা করবেন।

(খ) প্রাক্তন ছাত্র, তাদের পোষ্য এবং বর্তমান ছাত্রদের জন্য গৃহীত কল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়ন করবেন।

১২. নির্বাহী সদস্য ঃ

(ক) নির্বাহী সদস্য সভায় উপস্থিত থাকবেন এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মতামতপ্রদান করবেন।

(খ) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন।

ধারা-১৪ ঃ নির্বাচন পদ্ধতি ঃ

(ক) দ্বি-বার্ষিক সাধারণ সভা বা নির্বাচনী সভায় উপস্থিত আজীবন সদস্যদের সম্মতিক্রমে অথবা সাধারণ পরিষদের প্রত্যক্ষ ভোটে কার্যনির্বাহী পরিষদ গঠন করতে হবে।

(খ) কার্যনির্বাহী পরিষদের মেয়াদকাল শেষ হওয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে সাধারণ পরিষদের সভার সিদ্ধান্ড় ক্রমে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হবে। এদের মধ্যে একজন প্রধান নির্বাচন কমিশনার এবং অপর দুইজন সহকারী নির্বাচন কমিশনার থাকবে।

(গ) নির্বাচনে অংশ গ্রহণ করবেন না কাযনির্বাহী পরিষদের এমন সদস্য অথবা উপদেষ্টা পরিষদ সদস্য/ সম্মানসূচক/ বিশেষ সদস্য/ সাধারণ সদস/ দাতা সদস্য নির্বাচন কমিশনের সদস্য হবেন।

(ঘ) নির্বাচন কমিশন ৩০ (ত্রিশ) দিন পূর্বে নির্বাচনের তফসিল ঘোষণা করবেন এবং নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করবেন।

(ঙ) যতগুলো ক্যাটাগরীতে ভোট প্রদানের সুযোগ থাকবে, একজন সদস্য সর্বোচ্চ ততগুলো ভোটই দিতে পারবেন। তিনি কোনো একক ব্যক্তিকে একাধিক ভোট প্রদান করতে পারবেন না।

(চ) দুই বা ততোধিক প্রার্থী নির্বাচনে সমান সংখ্যক ভোট পেলে লটারীর মাধ্যমে ফলাফল চূড়ান্ড় করা হবে।

(ছ) সংগঠনের সভাপতি এবং সাধারণ সম্পাদক হিসাবে কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদের বেশী উক্ত পদে নির্বাচন করতে পারবে না।

Sensitivity: Internal

(জ) বিদ্যমান (Incunbent) কার্যনির্বাহী পরিষদ নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট ১৫ (পনের) দিনের মধ্যে ক্ষমতা হস্তান্তর করবে।

(ঝ) নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদনের জন্য ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করবে এবং নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবে।

ধারা-১৫ ঃ সভাসমূহ ঃ

(ক) সাধারণ পরিষদের সভা ঃ

সাধারণ সভা প্রতি এক বছর পর পর অনুষ্ঠিত হবে। ১৫ (পনের) দিনের নোটিশে এবং মোট সদস্যদের ২/৩ (দুই-তৃতীয়াংশ)-এর উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(খ) কার্যনির্বাহী পরিষদের সভা ঃ

কার্যনির্বাহী পরিষদের সভা বছরে কমপক্ষে ২ (দুই) টি করতে হবে। ৭ (সাত) দিন পূর্বে তারিখ, সময়, স্থান ও এজেন্ডাসহ নোটিশ প্রদান করতে হবে। সভার কোরাম পূর্ণ হবে মোট সদসদের ২/৩ (দুই-তৃতীয়াংশ)-এর উপস্থিতিতে।

(গ) জরুরী সভা ঃ

(১) সাধারণ সভা ৩ (তিন) দিনের নোটিশে আহ্বান করা যাবে। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ)-এর উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(২) কার্যনির্বাহী পরিষদের সভা ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে আহ্বান করা যাবে। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ)-এর উপস্থিতিতে কোরাম হবে।

(ঘ) বিশেষ সাধারণ সভা ঃ

যে কোন বিশেষ কারণে সাধারণ সভা ০৭ (সাত) দিনের নোটিশে আহ্বান করা যাবে। তবে এ সভায় বিশেষ এজেন্ডা ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নেয়া যাবে না। বিশেষ এজেন্ডার উদ্দেশ্য লিপিবদ্ধ করে যথারীতি নোটিশ প্রদান করতে হবে। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ)-এর উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

(ঙ) তলবী সভা ঃ

(১) সভাপতি, সাধারণ সম্পাদক গঠনতন্ত্র মোতাবেক সভা আহ্বান না করলে কমপক্ষে মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্য বিশেষ সাধারণ সভা কর্মসূচীর (এজেন্ডা) বা উদ্দেশ্য ব্যক্ত করে স্বাক্ষর দান করতঃ তলবী সভার আবেদন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকের কাছে জমা দিতে পারবেন।

(২) সভাপতি, সাধারণ সম্পাদক তলবী সভার আবেদন প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে তলবী সভার আহ্বান না করলে তলবী সদস্যবৃন্দ পরবর্তী ১৫ (পনর) দিনের নোটিশে সভা আহ্বান করতে পারবেন। তবে তলবী সভা সংগঠনের অফিসে ডাকতে হবে। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ)-এর উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

চ) মুলতবী সভা ঃ

Sensitivity: Internal

(১) সাধারণ সভার নির্ধারিত সময়ের সর্বোচচ ৩০ (ত্রিশ) মিনিট বিলম্বে সভা করা যাবে অন্যথায় স্থগিত করতে হবে।

(২) সাধারণ সভা কোরামের অভাবে স্থগিত করলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরবর্তী সভার নোটিশ প্রদান করতে হবে এবং ঐ স্থগিত সাধারণ সভা কোরাম না হলে যতজন সদস্য উপস্থিত থাকবেন তাঁদের নিয়েই সভা অনুষ্ঠিত হবে ও তাঁদের মতামত/সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে।

(৩) কার্যনির্বাহী পরিষদের সভা দুইবার কোরামের অভাবে স্থগিত হলে তৃতীয়বার উপস্থিত সদস্যদের নিয়ে সিদ্ধান্ত নেয়া যাবে।

নোট: সকল সভায় শুধুমাত্র আজীবন সদস্য উপস্থিত থাকতে পারবেন । কার্যনির্বাহী পরিষদের বিশেষ প্রয়োজনে/ অনুরোধে সম্মানসূচক, বিশেষ ও দাতা সদস্য যে কোন সভায় উপস্থিত থাকতে পারবেন।

ধারা-১৬ ঃ পদত্যাগ ও অনাস্থা প্রস্তাব ঃ

যদি কোন কারণে কোন সদস্য পদত্যাগ করতে চান তবে সভাপতি/সাধারণ সম্পাদক বরাবরে আবেদন করবেন। সভাপতি/সাধারণ সম্পাদক পদত্যাগ করতে চাইলে সহ-সভাপতি/যুগ্ম-সম্পাদক বরাবরে আবেদন করবেন। কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে পদত্যাগপত্র গৃহীত হবে। কার্যনির্বাহী পরিষদের যে কোন পদের বিরুদ্ধে ২/৩ ভাগ কার্যনির্বাহী পরিষদ সদস্য অনাস্থা প্রস্তাব আনতে পারবে। এ ধরনের প্রস্তাব ২/৩ ভাগ সাধারণ সদস্যের অনুমোদনক্রমে চূড়ান্ত বলে গণ্য হবে।

ধারা-১৭ ঃ শূন্যপদ পূরণ ঃ

সাধারণ পরিষদের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের সিদ্ধান্তক্রমে কার্যনির্বাহী পরিষদের শূন্যপদ অবশ্যই পূরণ করা হবে এবং নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের পর তা কার্যকরী হবে।

ধারা-১৮ঃ আর্থিক ব্যবস্থাপনা ঃ

ক) সদস্যদের চাঁদা ও অনুদান, দানশীল ব্যক্তিদের দান, সরকারি/বেসরকারি, দেশী/বিদেশী দাতা সংস্থা, ব্যক্তির অনুদান বা ব্যাংক ঋণ ও অন্যান্য উৎসের আয়ই সংগঠনের আয় বলে বিবেচিত হবে।

খ) সংগঠনের আর্থিক লেনদেনের ক্ষেত্রে যে কোন ব্যাংকে সংগঠনের নামে একটি সঞ্চয়ী/চলতি হিসাব খুলতে হবে।

গ) উক্ত সঞ্চয়ী/চলতি হিসাবটি সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ এই তিন জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। তবে যে কোন দুই জনের স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ উত্তোলন করা যাবে। ১,০০,০০০/-(১ লক্ষ) টাকার বেশী অর্থ উত্তোলন করার জন্য কার্যনির্বাহী পরিষদের পূর্ব অনুমোদন নিতে হবে।

ঘ) সংগঠনের নামে সংগৃহীত অর্থ কোন অবস্থাতেই হাতে রাখা যাবে না। অর্থপ্রাপ্তির সাথে সাথে নগদ অর্থ সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিতে হবে।

ঙ) দৈনন্দিন খরচ সম্পাদনের ক্ষেত্রে যথাযথ ভাউচার সংরক্ষণ করতে হবে।

চ) অর্থ খরচের পর কার্যনির্বাহী পরিষদের সভায় এব্যাপারে অনুমোদন নিতে হবে এবং বাৎসরিক সাধারণ সভায় সকল খরচ অনুমোদন, বাজেট পেশ এবং অনুমোদন করে নিতে হবে।

Sensitivity: Internal

ধারা-১৯ ঃ অডিট ঃ

সংগঠনের সকল হিসাব-নিকাশ সরকার অনুমোদিত যে কোন হিসাব সংস্থা (অডিট ফার্ম) বা সংশিষ্ট সমাজসেবা কর্মকর্তা দ্বারা হিসাব নিরীক্ষা করাতে হবে। এ ধরণের হিসাব নিরীক্ষা বার্ষিক ভিত্তিতে হবে। নিরীক্ষা শেষে প্রতিবেদন নিবন্ধীকরণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে।

ধারা-২০ ঃ বৈদেশিক সাহায্য/অনুদান বিষয়ক ঃ

সংগঠনটি বৈদেশিক সাহায্য/অনুদান গ্রহণের ক্ষেত্রে ১৯৭৮ সালের ফরেন ডোনেশন অধ্যাদেশের বিধি বিধান অনুসরণ করবে। বৈদেশিক সাহায্য/ অনুদান গ্রহণের ক্ষেত্রে সংগঠনটি সরকারের যে কোন একটি সিডিউল ব্যাংকে হিসাব পরিচালনা করবে।

ধারা-২১ ঃ সংগঠনের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ঃ

সংগঠনের কার্যভার সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করতে হবে। নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীর বেতন - ভাতা চাকুরীর শর্তাবলী ও চাকুরী হতে বরখাস্তের বিষয়ে কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। কর্মকর্তা-কর্মচারী নিয়োগের পূর্বে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে এবং কোন প্রকার ব্যাংক ড্রাফট বা জামানত গ্রহণ করা হবে না।

ধারা-২২ঃ গঠনতন্ত্রের সংশোধন পদ্ধতি ঃ

গঠনতন্ত্রের যে কোন বিষয়ের উপর সংশোধনী আনয়নের জন্য সংশোধিত অনুচেছদের উপর সংগঠনের সাধারণ পরিষদের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের অনুমোদন গ্রহনের পর তা চূড়ান্ত অনুমোদনের জন্য নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট পেশ করতে হবে। নিবন্ধীকরণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে সংশোধনী কার্যকরী বলে বিবেচিত হবে।

ধারা-২৩ঃ আইনও বিধির প্রাধান্য ঃ

অত্র গঠনতন্ত্রে যা কিছু উল্লেখ থাকুক না কেন সংগঠনটি ১৯৬১ সনের স্বেচ্ছামূলক সমাজকল্যাণ প্রতিষ্ঠান (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ (নম্বর ৪৬) এর ৪(৩) ধারার অধীনে সকল কার্যক্রম পরিচালনা করবে। অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিচালনা করবে।

ধারা-২৪ ঃ সংগঠনের বিলুপ্তি ঃ

যদি কোন সুনির্দিষ্ট কারণে সংগঠনের সাধারণ পরিষদের পাঁচ ভাগের তিন/ ভাগ সদস্য সংগঠনের বিলুপ্তি চান তবে যথানিয়মে নিবন্ধীকরণ কর্তৃপক্ষ বরাবরে আবেদনের পর নিবন্ধীকরণ কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করবেন। বিলুপ্তিকালে সংগঠনের কোন দায়-দেনা থাকলে কার্যনির্বাহী পরিষদের সদস্যগন ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

Sensitivity: Internal